

করনা প্রতিরোধ কার্যক্রম

অতিব জরুরী



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, কুমারখালী,
কুষ্টিয়া

স্মারক নম্বর: ৪১.০১.৫০৭১.০০০.১৬.০০১.২১.৮

তারিখ: ৫ বৈশাখ ১৪২৮

১৮ এপ্রিল ২০২১

বিষয়: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের এমআইএস সফটওয়্যারে এন্ট্রিকৃত বীর মুক্তিযোদ্ধাদের তথ্য বিভ্রাট ও অন্যান্য বিষয় সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের এমআইএস সফটওয়্যারে বীর মুক্তিযোদ্ধাদের তথ্য এন্ট্রি প্রদান ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং সেগুলো সঠিকভাবেই প্রদান করা হয়েছে। কিন্তু সফটওয়্যারের সমস্যার কারণে প্রায়শই বিভ্রান্তি দেখা যাচ্ছে।

২। এন্ট্রিকৃত তথ্য অজানা কোন কারণে ডিলিট হয়ে যাচ্ছে বা ইতোমধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবপোর্টাল এর এমআইএস কর্ণার থেকে কোন বীর মুক্তিযোদ্ধার তথ্য ডাউন লোড করা হয়েছে কিন্তু এখন আর খুঁজে পাওয়া যাচ্ছে না। কিছু ক্ষেত্রে দেখা যাচ্ছে আংশিক কিছু তথ্য ডিলিট হয়ে গেছে (গেজেট বা মুক্তিবার্তা বা ভারতীয় তালিকা নম্বর)।

৩। এমআইএস সম্পন্ন করার পর পেরোল প্রেরণ করা হয়েছে। এক কিস্তি টাকাও পেয়েছে কিন্তু পরের কিস্তিতে কিছু হিসাব নম্বরে টাকা আসেনি। এছাড়া কিছু বীর মুক্তিযোদ্ধার NID ইনভ্যালিড দেখাছিল যা ডিলিট করে পুনরায় এন্ট্রি দেয়া হয়েছে। যেসকল হিসাব নম্বরে টাকা আসেনি ঐ সকল হিসাব নম্বর যাচাই বাছাই করে দেখা যায় উক্ত ব্যক্তির হিসাব নম্বর বা ব্যাংক শাখার নাম পরিবর্তন হয়ে গেছে বা ডিলিট হয়ে গেছে।

৪। আবার এমআইএস এ এন্ট্রিকৃত বীর মুক্তিযোদ্ধা বা ওয়ারিশ এর ছবি পরিবর্তন হয়ে গেছে।

৪। সর্বশেষ যে সমন্বিত খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে সেখানে অনেক লাল মুক্তিবার্তা/ভারতীয় তালিকাধারী বীর মুক্তিযোদ্ধাদের নাম আসেনি যদিও সঠিকভাবেই তথ্য এন্ট্রি প্রদান করা হয়েছে।

৬ পূর্বে তথ্য সংশোধনের সুযোগ থাকায় কোন বীর মুক্তিযোদ্ধা/ওয়ারিশের তথ্য সংশোধন করা যাচ্ছিল বা কারও সম্মানীভাতা কোন কারণে না আসলে সেটি এডিট/ডিলিট করে নতুন করে পেরোল প্রেরণ করা যেত কিন্তু বর্তমানে সেই অপশন বন্ধ করে দেওয়াতে অনেকের তথ্য সংশোধন করা যাচ্ছে না।

৭ একই সফটওয়্যারে সাধারণ বীর মুক্তিযোদ্ধাদের তথ্য এন্ট্রির পাশাপাশি খেতাবপ্রাপ্ত, যুদ্ধাহত এবং শহীদ মুক্তিযোদ্ধাদের তথ্য এন্ট্রি প্রদান করার নির্দেশনা রয়েছে। সমস্যা হচ্ছে একই সফটওয়্যারে সকলের তথ্য এন্ট্রি প্রদানের ফলে পেরোল প্রস্তুতে জটিলতার সৃষ্টি হচ্ছে।

উপর্যুক্ত বিষয়গুলো নিয়ে প্রতিনিয়তই বীর মুক্তিযোদ্ধাগণ/ওয়ারিশগণ অফিসে আসছেন এবং তারা সরাসরি আমাদের ভুল হয়েছে মর্মে অভিযোগ করছেন বিধায় তাদের সাথে ভুল বোঝাবুঝির সৃষ্টি হচ্ছে। মূলত আমাদের কোন ত্রুটি না থাকা সত্ত্বেও সফটওয়্যার সমস্যার কারণে এই অনাকাঙ্খিত পরিস্থিতির শিকার হতে হচ্ছে। পাশাপাশি দাফতরিক অন্যান্য কাজেরও বিঘ্ন ঘটছে। উল্লেখ্য বীর মুক্তিযোদ্ধাদের সম্মানীভাতা বিতরণ কার্যক্রমটি ছাড়াও সমাজসেবা অধিদফতর সামাজিক কার্যক্রমসহ ৫০ এর অধিক সংখ্যক কার্যক্রম নির্বাহ করে।

এমতবস্থায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের এমআইএস সফটওয়্যারের প্রয়োজনীয় আপগ্রেডেশন করার পাশাপাশি এডিট/ডিলিট অপশন চালু করনসহ বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ কার্যক্রমের জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবল,

লজিস্টিক সাপোর্ট এবং আর্থিক বরাদ্দ প্রদানের বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।



১৮-৪-২০২১

মোহাম্মদ আলী

উপজেলা সমাজসেবা অফিসার

উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুমারখালী,

কুষ্টিয়া

স্মারক নম্বর: ৪১.০১.৫০৭১.০০০.১৬.০০১.২১.৮/১

তারিখ: ৫ বৈশাখ ১৪২৮

১৮ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া



১৮-৪-২০২১

মোহাম্মদ আলী

উপজেলা সমাজসেবা অফিসার